



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
সেগুনবাগিচা, ঢাকা।

নথি নং-০৮.০১.০০০০.০৫৪.১১.০০৯.২০২১/২৪৮

তারিখ: ১৫ ডিসেম্বর, ২০২১ খ্রিঃ।

কাস্টমস রুলিং (অগ্রিম) নং-২৪/২০২১

বিষয় : আমদানিতব্য “Paper or Paper Board or Art card/FBB/Duplex Board, (Recovered waste and Scrap)” নামক পণ্যের শ্রেণীবিন্যাস বিষয়ক অগ্রিম রুলিং।

সূত্র : মেসার্স লামিয়া ট্রেডার্স এর ২৩/১১/২০২১ খ্রিঃ তারিখের দাখিলকৃত আবেদন।

মেসার্স লামিয়া ট্রেডার্স নামক প্রতিষ্ঠান “Paper or Paper Board or Art card/FBB/Duplex Board, (Recovered waste and Scrap)” নামক পণ্যের শ্রেণীবিন্যাস বিষয়ে অগ্রিম রুলিং চেয়ে জাতীয় রাজস্ব বোর্ডের অগ্রিম রুলিং ইউনিট বরাবর নির্ধারিত ফরম-এ আবেদন করেছেন।

(ক) আবেদনকারীর পরিচিতি:

আবেদনকারীর নাম	মেসার্স লামিয়া ট্রেডার্স
আবেদনকারীর ঠিকানা	সত্বাধিকারী, মেসার্স লামিয়া ট্রেডার্স, ৪৭, Purana Paltan, Paltan Tower (Ground Floor), Dhaka-1000.
টেলিফোন নম্বর	01720-030745 / 01959-997671

(খ) রুলিং সংশ্লিষ্ট পণ্যের বিবরণ:

পণ্যের জেনেরিক, বাণিজ্যিক এবং প্রচলিত নাম	‘Paper or Paper Board or Art card/FBB/Duplex Board, (Recovered waste and Scrap)’
যে ভৌত অবস্থায় (Form) প্রকৃতিতে আমদানি করা হবে	-
উৎস দেশ (কান্ট্রি অব অরিজিন)	India, China, Korea & Indonesia, Chile & EU Countries
আমদানিকারক কর্তৃক প্রস্তাবিত শ্রেণীবিন্যাস	4707.20.00

আবেদনকারীর ঘোষণা অনুযায়ী আমদানীয় পণ্যের বিবরণ:

‘Paper or Paper Board or Art card/FBB/Duplex Board, (Recovered waste and Scrap)’ পণ্যটি মূলত শতভাগ রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠান যেমন: তৈরি পোশাক প্রস্তুতকারী প্রতিষ্ঠান, ফুটওয়্যার প্রস্তুতকারী প্রতিষ্ঠান ইত্যাদির প্রিন্টিং এবং প্যাকেজিং এর কাচামাল হিসেবে ব্যবহৃত হবে। পণ্যটি Solid form প্রকৃতিতে আমদানি করা হবে।

৩। অগ্রিম রুলিং:

বিবেচ্য ‘Paper or Paper Board or Art card/FBB/Duplex Board, (Recovered waste and Scrap)’ নামক পণ্যটি বিভিন্ন পেপার মিলের Wastage এবং কাটিং করা অংশ। এসকল পণ্য দেশীয় আমদানিকারকগণ অপেক্ষাকৃত কম মূল্যে আমদানি করে বিভিন্ন শিল্পের কাচামাল তথা প্যাকেজিং কাজে ব্যবহারের লক্ষ্যে সরবরাহ করবেন। মেসার্স লামিয়া ট্রেডার্স কর্তৃক আমদানীয় ‘Paper or Paper Board or Art card/FBB/Duplex Board, (Recovered waste and Scrap)’ নামক পণ্যটি Bangladesh Customs Tariff (BCT), General Interpretative Rules (GIR) এবং Explanatory Notes এর ব্যাখ্যানুযায়ী H.S. Code

M. Debar

4707.20.00 এ শ্রেণীবিন্যাসযোগ্য। কাস্টমস রুলিং (অগ্রিম) বিধিমালা, ২০১৬ এর বিধি ৯ মোতাবেক এই অগ্রিম রুলিং জারি করা হলো।

৪। অগ্রিম রুলিং এর কার্যকারিতা:

এই অগ্রিম রুলিং জারি হওয়ার তারিখ হতে ১৮ (আঠার) মাস পর্যন্ত কার্যকর থাকবে।

৫। আবেদনকারীর জন্য গুরুত্বপূর্ণ তথ্য:

(ক) এই অগ্রিম রুলিং এর কার্যকারিতা থাকাকালীন তৎকর্তৃক আমদানিয় পণ্যের জন্য বাংলাদেশের সকল কাস্টমস স্টেশনে ব্যবহার করতে পারবে।

(খ) এই অগ্রিম রুলিং এ সংশ্লিষ্ট হলে রুলিং প্রাপ্তির তারিখ হতে ৬০ (ষাট) কার্যদিবসের মধ্যে তা রিভিউ এর জন্য অগ্রিম রুলিং ইউনিট বরাবরে লিখিতভাবে আবেদন করতে পারবে। রিভিউ আবেদনে উক্তরূপ আবেদনের যৌক্তিকতা সবিস্তারে উল্লেখ করতে হবে।

স্বাক্ষরিত

(১৫/১২/২০২১ খ্রিঃ)

(সৈয়দ গোলাম কিবরীয়া)

সদস্য (কাস্টমস: নীতি ও আইসিটি) ও

সভাপতি, অগ্রিম রুলিং ইউনিট

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

কমিশনার অব কাস্টমস

কাস্টম হাউস, চট্টগ্রাম/ ঢাকা/ বেনাপোল/ আইসিডি (কমলাপুর)/ মোংলা/ পানগাঁও।

নথি নং-০৮.০১.০০০০.০৫৪.১১.০০৯.২১/২৪৮(৩৪)

তারিখ: ১৫ ডিসেম্বর, ২০২১ খ্রিঃ।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১-১৬। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ (দক্ষিণ)/ (পূর্ব) / (পশ্চিম)/চট্টগ্রাম/ রাজশাহী/ সিলেট/কুমিল্লা/খুলনা/যশোর/রংপুর/বহু করদাতা ইউনিট (মুসক)/ (আপীল) ঢাকা-১/ (আপীল) ঢাকা-২/ (আপীল) চট্টগ্রাম/ (আপীল) খুলনা।
- ১৭-২০। মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা/শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা/নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন কর, ঢাকা/কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম।
- ২১-২২। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা/চট্টগ্রাম।
- ২৩। কমিশনার, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।
- ২৪। প্রথম সচিব (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
- ২৫। দ্বিতীয় সচিব (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
- ২৬। সত্বাধিকারী, মেসার্স লামিয়া ট্রেডার্স, ৪৭, Purana Paltan, Paltan Tower (Ground Floor), Dhaka-1000.
- ২৭। ব্যক্তিগত সহকারী, সদস্য (কাস্টমস: নীতি ও আইসিটি), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
- ২৮। সিস্টেমস ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা (ওয়েব-সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)



(মোঃ সৌহেল রানা)

দ্বিতীয় সচিব

কাস্টমস: ক্লাসিফিকেশন এন্ড এ্যাডভান্স রুলিং

ও

সদস্য সচিব, অগ্রিম রুলিং ইউনিট

ই-মেইল: nbrclassification@gmail.com